**বর্ণনাকারী:** এই ভিডিওটিতে শরণার্থী দাবির শুনানি সম্পর্কে সহায়ক তথ্য রয়েছে। আরও বিস্তারিত এবং হালনাগাদসমূহ আমাদের ওয়েবসাইটে উপলভ্য: irb.gc.ca

**সঙ্গীত:** ভিডিও জুড়ে মৃদু সঙ্গীত পেছনে বাজছে।

**বর্ণনাকারী:** আপনি যখন কানাডায় শরণার্থী সুরক্ষা দাবি করেন, তখন আপনার দাবির সমর্থনে প্রমাণ সরবরাহ করার দায়িত্ব আপনার। এই নথিগুলি আপনার শরণার্থী শুনানিতে আপনার দাবি সমর্থন করবে।

এই ভিডিওটি আপনাকে বুঝতে সাহায্য করবে কিভাবে আপনার প্রমাণ সংগ্রহ করে রিফিউজি প্রোটেকশন ডিভিশন বা আর.পি.ডি (RPD)-র ইমিগ্রেশন অ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা-র নিকট প্রদান করবেন। তবে আপনাকে এটি একা করতে হবে না। প্রথমে আমরা দেখে নেই যে শরণার্থী দাবি প্রক্রিয়ায় কে আপনাকে সাহায্য করতে পারে।

শরণার্থী দাবি প্রক্রিয়ার মধ্য দিয়ে আপনাকে সাহায্য করার জন্য একজন পেশাদার নিয়োগের কথা বিবেচনা করুন। এই পেশাদারদের "কাউন্সেল" (পরামর্শদাতা) বলা হয়। তারা আইনজীবী বা অভিবাসন পরামর্শদাতা হতে পারেন। কিছু জায়গায়, আপনি পরামর্শদাতা হিসেবে একজন নোটারি পাবলিক বা প্যারালিগ্যালকেও নিয়োগ করতে পারেন।

আপনি যদি পরামর্শদাতা নিয়োগ করতে চান, তাহলে আপনার যত তাড়াতাড়ি সম্ভব তা করা উচিত। আপনার পরামর্শদাতার খরচ বহন করার জন্য আপনি দায়ী থাকবেন, যদি না আপনি আপনার প্রদেশের কোনও আইনি সহায়তা সংস্থার কাছ থেকে সাহায্য পাওয়ার যোগ্য হন।

আপনার যদি কোন পরামর্শদাতা থাকে, তারা আপনার শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করবেন। শুনানির আগে তারা আপনার সাথে আপনার শরণার্থী দাবি নিয়ে আলোচনা করবেন এবং আপনার দাবির সমর্থনে কী কী প্রমাণ সংগ্রহ এবং সরবরাহ করা উচিত সে সম্পর্কে আপনাকে পরামর্শ দেবেন।

আপনি যদি কোন বন্ধু, পরিবারের সদস্য, অথবা স্বেচ্ছাসেবককে আপনার প্রতিনিধিত্ব করার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত নেন, তাহলে তারা আপনার কাছ থেকে কোনও পারিশ্রমিক নিতে পারবেন না। এই পরিস্থিতিতে, সেই ব্যক্তিকে অবশ্যই *নটিশ অফ রিপ্রেজেনটেশান উইদআউট এ্যা ফি অর আদার কনসিডারেশান* (*ফি ছাড়াই প্রতিনিধিত্বের নোটিশ বা অন্যান্য বিবেচনা*) ফর্ম পূরণ করতে হবে।

আপনি এই ফর্মটি আই.আর.বি (IRB) ওয়েবসাইটের রেফিউজী ক্লেইম্‌স (শরণার্থী দাবি) বিভাগে ফর্মস (forms)-এর অধীনে পাবেন।

কাহারও দ্বারা আপনাকে প্রতিনিধিত্ব হতে হবে না। নিজের প্রতিনিধিত্ব করার অর্থ হল আপনাকে বেছে নিতে হবে যে আপনার দাবির সমর্থনে কোন প্রমাণ উপস্থাপন করবেন এবং কোন যুক্তিসমূহ প্রদান করবেন।

**বর্ণনাকারী:** যখন আপনি শরণার্থী সুরক্ষার জন্য আপনার দাবি করেছিলেন, তখন আপনি কানাডা বর্ডার সার্ভিসেস এজেন্সি অথবা ইমিগ্রেশন, রিফিউজি এবং সিটিজেনশিপ কানাডার একজন কর্মকর্তার সাথে কথা বলেছিলেন যিনি সিদ্ধান্ত নিয়েছিলেন যে আপনার শরণার্থী দাবি আর.পি.ডি (RPD)-তে পাঠানোর যোগ্য কি না।

যদি আপনি কোনও প্রবেশপথ দ্বারা পৌঁছে থাকেন, যেমন বিমানবন্দর বা বর্ডার ক্রসিং (সীমান্ত পারাপার),

| |
|---|
| তাহলে আপনাকে একটি বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তির) ফর্ম দেওয়া হয়েছিল এবং এই পূরণ করা ফর্মটি আর.পি.ডি (RPD)-তে পাঠিয়েছেন।<br><br>আপনি যদি কানাডায় থাকাকালীন আপনার শরণার্থী দাবি করে থাকেন, তাহলে আপনি আপনার পূরণ করা *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-টি ইমিগ্রেশন, রিফিউজি এবং সিটিজেনশিপ কানাডা (আই.আর.সি.সি) (IRCC)-তে জমা দিয়েছিলেন। আপনার দাবি যদি যোগ্য হয়ে থাকে, তাহলে অফিসার আপনার ফর্মটি আর.পি.ডি (RPD)-তে পাঠিয়েছেন।<br><br>আপনি যেখানেই শরণার্থী সুরক্ষার জন্য দাবি করে থাকেন না কেন, *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-টির উদ্দেশ্য একই।<br><br>আপনার শরণার্থী সুরক্ষা দাবি উপস্থাপনের জন্য আপনি এটি ব্যবহার করবেন। |
| **বর্ণনাকারী:** *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-টির প্রশ্নগুলি আপনার গল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ, আপনার জীবনের অভিজ্ঞতা এবং কানাডায় শরণার্থী সুরক্ষা দাবি করার কারণগুলি অন্তর্ভুক্ত করতে সাহায্য করার জন্য তৈরি।<br><br>আপনার দাবি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য আর.পি.ডি (RPD) সেই তথ্য ব্যবহার করে, তাই আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-এর সবকিছু সম্পূর্ণ, সত্য এবং সঠিক হওয়া খুবই গুরুত্বপূর্ণ। |

**বর্ণনাকারী:** আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-টি পাঠানোর পরে, আপনাকে এমন নথিও পাঠাতে হবে যা আপনার শরণার্থী সুরক্ষা দাবি সমর্থন করে। এই নথিগুলিকে প্রমাণ বলা হয়। এটা সম্ভব যে আপনি আপনার দেশ ছাড়ার আগে আপনার সমস্ত, এমনকি কোনও প্রমাণ পেতে সক্ষম হননি।

কিন্তু এখন যেহেতু আপনি কানাডায় আছেন, আপনার প্রমাণ সংগ্রহ করা শুরু করা গুরুত্বপূর্ণ।

যত তাড়াতাড়ি সম্ভব আপনার দাবি সংক্রান্ত প্রমাণ আপনাকে জমা দিতে হবে, এবং আপনার শুনানির তারিখের 10 দিনের কমে নয়। আপনার প্রমাণ জমা দেওয়ার জন্য সময়সীমা পর্যন্ত অপেক্ষা করবেন না।

যদি আপনার শুনানির 10 দিনের কম সময়ের মধ্যে প্রমাণ পাঠাতে হয়, তাহলে আপনাকে অনুমতি চাইতে হবে। অনুমতি শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে প্রদান করা হয়। আপনাকে একটি *অ্যাপলিকেশান টু সাবমিট লেইট ডিসক্লোজার* (*দেরিতে তথ্য প্রকাশের আবেদনপত্র*) পূরণ করতে হবে যা আপনি আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে পাবেন।

আপনার নথিপত্র আগেভাগে পাঠানোর মাধ্যমে আপনার শুনানির সময়সূচি, অথবা শুনানি ছাড়াই আপনার দাবি গৃহীত হতে পারে কিনা তা নির্ধারণ করতে আর.পি.ডি (RPD)-কে সহায়তা করে।

**বর্ণনাকারী:** আপনার দাবি মূল্যায়নের জন্য ব্যবহৃত দুই ধরণের প্রমাণের দিকে ঘনিষ্ঠভাবে নজর দেওয়া যাক। একটি হল আপনার দেশের অবস্থা সম্পর্কে তথ্য এবং অন্যটি হল ব্যক্তিগত নথিসমূহ।

**বর্ণনাকারী:** আপনি এমন একটি দেশের বিরুদ্ধে কানাডার সুরক্ষা চাইছেন যেখানে আপনি বলছেন যে আপনি নিপীড়নের আশঙ্কা করছেন।

আপনার দাবি সঠিকভাবে মূল্যায়ন করার জন্য, আপনার মামলার সিদ্ধান্ত গ্রহণকারীকে আপনার দেশের পরিস্থিতি সম্পর্কে জানতে হবে। তারা "ন্যাশনাল ডকুমেন্টেশন প্যাকেজ" ("জাতীয় নথিকরণ প্যাকেজ") বা এন.ডি.পি (NDP) নামক একটি বিষয় দেখবেন।

এন.ডি.পি (NDP) হলো জনসাধারণের জন্য উপলভ্য নথির সংগ্রহ যা একটি দেশের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং মানবাধিকার পরিস্থিতির উপর প্রতিবেদন করে। একটি দেশের পরিস্থিতি প্রায়শই পরিবর্তিত হয়, তাই এন.ডি.পি (NDP) নিয়মিতভাবে হালনাগাদ করা হয়।

আপনার দাবির জন্য নিযুক্ত মন্ত্রীর আইনজীবী আপনার দাবির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার দেশের জন্য এন.ডি.পি (NDP)-তে থাকা তথ্য দেখবেন।

আই.আর.বি (IRB)-এর ওয়েবসাইটে আপনার দেশের এন.ডি.পি (NDP) পর্যালোচনা করা আপনার জন্য গুরুত্বপূর্ণ।

যেহেতু আই.আর.বি (IRB)-র কাছে ইতিমধ্যেই এন.ডি.পি (NDP)-তে প্রমাণ রয়েছে, তাই আপনার দেশের জন্য এন.ডি.পি (NDP)-তে পাওয়া কোনও নথি আমাদের কাছে পাঠানোর প্রয়োজন নেই।
তবে, আপনার দেশ সম্পর্কে এমন কিছু নথি থাকতে পারে যা এন.ডি.পি (NDP)-তে অন্তর্ভুক্ত নয়। আপনার দাবির সমর্থনে আপনি যদি এই অতিরিক্ত নথিগুলি জমা দিতে চান, তাহলে আপনি সর্বাধিক 100 পৃষ্ঠা পর্যন্ত পাঠাতে পারেন। যদি আপনার দাবিতে একাধিক দেশ জড়িত থাকে, তাহলে আপনি প্রতিটি দেশের জন্য 100 পৃষ্ঠা জমা দিতে পারেন। যদি আপনার কোনও দেশের জন্য 100 টিরও বেশি পৃষ্ঠা থাকে, তাহলে আপনাকে একটি *এ্যাপলিকেশান টু সাবমিট ভলুমিনাস ডিসক্লোজার* (*প্রচুর পরিমাণে প্রকাশ জমা দেওয়ার জন্য আবেদন*) পূরণ করতে হবে, যা আপনি আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে পাবেন।

**বর্ণনাকারী:** আরও কিছু ব্যক্তিগত নথি আছে যেগুলি আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব আর.পি.ডি (RPD)-তে জমা দিতে **হবে**।

কানাডায় শরণার্থী দাবি করার সময়, আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-এর সাথে আর.পি.ডি (RPD)-তে আপনার পরিচয়পত্র এবং ভ্রমণ নথির একটি কপি জমা দেওয়ার কথা। উদাহরণ স্বরূপ বলা যায় যে নথিগুলিতে আপনার নাম এবং জন্ম তারিখ দেখানো হয়েছে, যেমন একটি পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, স্কুল সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্স, সামরিক নথি, অথবা পেশাদার বা ধর্মীয় সদস্যপদ কার্ড।

যদি আপনি আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*)-এর সাথে আপনার পরিচয়পত্র এবং ভ্রমণ নথির একটি অনুলিপি প্রদান না করে থাকেন, অথবা যদি আপনি আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*) জমা দেওয়ার পরে এই নথিগুলি পেয়ে থাকেন, তাহলে আপনাকে অবিলম্বে আর.পি.ডি (RPD)-তে একটি অনুলিপি পাঠাতে হবে।

**বর্ণনাকারী:** পরিচয়পত্রের পাশাপাশি, আপনি আপনার শরণার্থী দাবির সমর্থনে অন্যান্য নথি জমা দিতে পারেন।

উদাহরণ স্বরূপ বলা যায় রাজনৈতিক সংগঠনের সদস্যপদ, চিকিৎসা বা মনস্তাত্ত্বিক প্রতিবেদন, পুলিশ নথি, ব্যবসায়িক রেকর্ড, সংবাদ ক্লিপিং বা সোশ্যাল মিডিয়া পোস্টের প্রমাণ। যা কিছু মনে করেন আপনার দাবিকে সমর্থন করবে।

| |
|---|
| **বর্ণনাকারী:** সিদ্ধান্ত গ্রহণকারী আপনার *বেসিস অফ ক্লেইম ফর্ম* (*দাবির ভিত্তির ফর্ম*) পর্যালোচনা করার পর, আর.পি.ডি (RPD) আপনার কাছে নির্দিষ্ট নথিসমূহ চাইতে পারে। আপনাকে এই নির্দেশাবলী সাবধানে অনুসরণ করতে হবে।<br><br>যদি আপনি আপনার দাবির সমর্থনে পরিচয় এবং ব্যক্তিগত নথি অথবা আর.পি.ডি (RPD) যে কোনও নথির অনুরোধ করে, তা প্রদান না করেন, তাহলে আপনাকে ব্যাখ্যা করতে হবে শুনানির সময় কেন আপনার কাছে সেগুলি নেই। আপনাকে এটিও দেখাতে হবে যে আপনি সেগুলি পাওয়ার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা করেছেন। |
| **বর্ণনাকারী:** এখন যেহেতু আপনি জানেন যে ***কি*** প্রমাণ সংগ্রহ করতে হবে, আর.পি.ডি (RPD)-র নিকট আপনার প্রমাণ ***কীভাবে*** জমা দিতে হবে তাও জানতে হবে।<br>অনুসরণ করার জন্য ছয়টি ধাপ রয়েছে। আসুন প্রতিটি ধাপ ঘনিষ্ঠভাবে দেখে নেওয়া যাক। |
| **বর্ণনাকারী:** প্রথম ধাপ: জমা দেওয়ার আগে নিশ্চিত করুন যে আপনার নথিগুলি ইংরেজি বা ফরাসি ভাষায় আছে। যদি সেগুলি অন্য ভাষা থেকে অনুবাদ করার প্রয়োজন হয়, তাহলে অনুবাদকের ঘোষণাপত্র এবং মূল নথির অনুলিপি অন্তর্ভুক্ত করুন। |
| **বর্ণনাকারী:** দ্বিতীয় ধাপ: আপনার সমস্ত নথি একসাথে রাখুন এবং পৃষ্ঠাগুলিকে ক্রমানুসারে নম্বর দিন, তারপর একটি কভার পৃষ্ঠা যুক্ত করুন। আই.আর.বি (IRB)-এর কাছে *লিস্ট অফ ক্লেইমেন্টস্ ডকুমেন্টস্* (*দাবিদারদের নথির তালিকা*) ফর্ম আছে যা আপনি আপনার কভার পৃষ্ঠা হিসাবে ব্যবহার করতে পারেন।<br><br>আপনি এই ফর্মটি আই.আর.বি (IRB) ওয়েবসাইটের রেফিউজি ক্লেইম্স (শরণার্থী দাবি) অনুচ্ছেদে ফর্মস্ (forms)-এর অধীনে খুঁজে পেতে পারেন।<br><br>আপনি অনলাইনে ফর্মটি পূরণ করতে এবং এটি মুদ্রণ করতে পারেন, অথবা এই ফর্মটি উদাহরণ হিসাবে ব্যবহার করে আপনার নিজস্ব কভার পৃষ্ঠা তৈরি করতে পারেন। |
| **বর্ণনাকারী:** তৃতীয় ধাপ: আপনার সম্পূর্ণ ডকুমেন্ট (নথিপত্র) প্যাকেজের কপি তৈরি করুন, যার মধ্যে কভার পৃষ্ঠাও অন্তর্ভুক্ত। আর.পি.ডি (RPD)-তে পাঠানো আপনার সমস্ত ডকুমেন্টের একটি অনুলিপি রাখা গুরুত্বপূর্ণ যাতে আপনি আপনার শুনানিতে সেগুলির উল্লেখ করতে পারেন। |
| **বর্ণনাকারী:** চতুর্থ ধাপ: আমাদের ওয়েবসাইটে উল্লেখিত পদ্ধতিগুলির একটি ব্যবহার করে আপনার নথিগুলির একটি অনুলিপি আর.পি.ডি (RPD)-তে জমা দিন।<br><br>আমরা আপনাকে মাই কেইস (My Case) পোর্টাল ব্যবহার করতে উৎসাহিত করছি। এটি আপনার জন্য উপলভ্য কিনা তা আই.আর.বি (IRB) ওয়েবসাইটে গিয়ে দেখুন। |
| **বর্ণনাকারী:** পঞ্চম ধাপ: কিছু ক্ষেত্রে, মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) শুনানিতে অংশগ্রহণ করেন। আপনি কাউন্সেল (পরামর্শদাতা/আইনজীবী) হিসেবে যাকে নিয়োগ করেছেন তিনি তার থেকে আলাদা।<br><br>মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) কানাডা বর্ডার সার্ভিসেস এজেন্সি বা ইমিগ্রেশন, রিফিউজি এ্যান্ড সিটিজেনশিপ কানাডার হয়ে কাজ করেন এবং মিনিস্টার অফ পাবলিক সেইফটি এবং/অথবা মিনিস্টার অফ ইমিগ্রেশন, রিফিউজি এ্যান্ড সিটিজেনশিপ-এর প্রতিনিধিত্ব করেন।<br><br>যদি মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) অংশগ্রহণের সিদ্ধান্ত নেন, তাহলে তারা আপনাকে একটি *নটিশ অফ ইন্টারভেনশান* (*হস্তক্ষেপের নোটিশ*) পাঠিয়ে তা জানাবেন।<br><br>মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) আপনার এবং আর.পি.ডি (RPD)-র কাছে প্রমাণ জমা দিয়ে |

| |
|---|
| লিখিতভাবে অংশগ্রহণ করতে পারেন, অথবা তারা আপনার শুনানিতে উপস্থিত হয়ে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।<br><br>মনে রাখবেন, মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) অংশগ্রহণ করলেও, একজন আর.পি.ডি (RPD) সদস্য আপনার দাবির সিদ্ধান্ত নেবেন।<br><br>শুনানির 10 দিনের মধ্যে আপনার এই নোটিশটি পাওয়া উচিত। সেই নোটিশে তাদের ঠিকানা থাকবে।<br><br>যদি মিনিস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী) আপনার শুনানিতে অংশগ্রহণ করেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার প্রমাণাদির একটি অনুলিপি তাদের কাছে পাঠাতে হবে এবং আর.পি.ডি (RPD)-কে জানাতে হবে যে আপনি তা করেছেন। |
| **বর্ণনাকারী:** আর শেষ ধাপ হল ষষ্ঠ ধাপ: শুনানিতে আপনার সমস্ত নথিপত্র আনুন, যার মধ্যে মূল কপি এবং অনুলিপিও থাকবে।<br><br>আই.আর.বি (IRB)-র রিফিউজি প্রোটেকশন ডিভিশন (শরণার্থী সুরক্ষা বিভাগ)-এ আপনার নথি জমা দেওয়ার সময় আপনাকে এই ছয়টি পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবি প্রক্রিয়া সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য, আই.আর.বি (IRB)-র ওয়েবসাইটে যান অথবা সাধারণ জিজ্ঞাসার জন্য আমাদের শুল্কমুক্ত নম্বর 1-833-931-5121-এ কল করুন। |
| **বর্ণনাকারী:** আপনি স্ক্রিনের কিউ-আর (QR) কোডটি স্ক্যান করে আমাদের *কন্ট্যাক্ট আস* (*আমাদের যোগাযোগ করুন*) পৃষ্ঠাটি দেখতে পারেন, যেখানে আপনি কোথায় নথি জমা দিতে হবে এবং আপনার কোনও প্রশ্ন থাকলে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কে তথ্য পাবেন। |